গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২২১ তারিখঃ ২১/০৭/২০১৬
সময়ঃ বিকাল ৩.৩০ টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ২১.০৭.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্কতা:** সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

**নদীবন্দর সমুহের জন্য সতর্ক সংকেতঃ** (আজ সন্ধ্যা ৬.০টা পর্যন্ত)

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্রগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহের জন্য ০১ (এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের উত্তরাংশে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা ঃ সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা পায় অপরিবর্তিত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.৬ | ৩১.২ | ৩৩.০ | ৩১.৫ | ৩৪.১ | ৩৩.৮ | ৩৪.৪ | ৩২.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৫ | ২৬.০ | ২৫.০ | ২৬.০ | ২৬.৮ | ২৫.০ | ২৪.২ | ২৫.৯ |

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৪.৪ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল যশোর ২৪.২ ডিগ্রী সে.।

০২। **নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ** (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০১ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৬৫ টি | তথ্য পাওয়া যায়নি | ০২ টি |
| পানি হ্রাস পেয়েছে | ২২ টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০৭ টি |

**নিম্নবর্ণিত ০৭ টি পয়েন্টে নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছেঃ**

| ক্র.নং | জেলার নাম | নদীর নাম | ষ্টেশনের নাম | পানি বৃদ্ধি (+) হ্রাস (-)(cm) | বিপদসীমার উপরে আছে (cm) |
|---|---|---|---|---|---|
| **০১** | কুড়িগ্রাম | ব্রক্ষপুত্র | চিলমারী | +০৫ | + ২৩ |
| **০২** | টাংগাইল | ঢলেশ্বরী | এলাসিন | +১১ | + ২৯ |
| **০৩** | সিলেট | সুরমা | কানাইঘাট | -০৭ | + ৩০ |
| **০৪** | সুনামগঞ্জ | সুরমা | সুনামগঞ্জ | +৩৮ | +৯০ |
| **০৫** | সুনামগঞ্জ | যদুকাটা | লরের গড় | +৮৯ | +০৫ |
| **০৬** | নেত্রকোনা | কংশ | জারিয়াজাঞ্জাইল | -০৬ | + ৫৯ |
| **০৭** | কুড়িগ্রাম | ধরলা | কুড়িগ্রাম | +১৭ | + ১৩ |

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রক্ষপুত্র -যমুনা, গঙ্গা-পদ্মা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- আগামী ৪৮ ঘন্টায় ব্রক্ষপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল আগামী ২৪ ঘন্টার পর হ্রাস পাওয়া আরম্ভ করতে পারে।
- ব্রক্ষপুত্র ও যমুনা নদ-নদীসমূহের অববাহিকা সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির সামান্য অবনতি হতে পারে।

০৩। **গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯টা পর্যন্ত)**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| লরেরগড়,সুনামগঞ্জ | ১৬৫.০ | জামালপুর | ৭০.০ |
| শেওলা, সিলেট | ৫৪.০ | পঞ্চগড় | ৮১.৫ |
| সুনামগঞ্জ | ১১০.০ | দিনাজপুর | ৭৮.০ |
| টাংগাইল | ৭০.৪ | ফরিদপুর | ৩৫.০ |

০৪। **নদী ভাংগনঃ**

**নীলফামারীঃ** বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের কারণে তিস্তা নদীর পানি বৃদ্ধি পাওয়ায় নীলফামারী জেলার ডিমলা ও জলঢাকা উপজেলাধীন টেপাখড়িবাড়ী, খগাখড়িবাড়ী, গয়াবাড়ী, পূর্বছাতনাই ও ঝুনাগাছা চাপানী ইউনিয়ন বন্যা কবলিত হয়। তন্মধ্যে খালিশা চাপানী ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের ইউসুফের চড় এলাকায় ২৩টি পরিবার এবং ৯ নং টেপাখাগিবাড়ী ইউনিয়নের ৪টি ওয়ার্ডের (১, ২, ৪ ও ৫ নং ওয়ার্ড) চড়খড়িবাড়ী মৌজার কাউয়ুমের বাড়ীর নিকট স্বেচ্ছাশ্রমে নির্মিত বাঁধটি ভেংগে যাওয়ায় ১৬ টি গ্রামের ৩০৪টি পরিবারের ঘরবাড়ি সম্পূর্ণ এবং ৪,৭৪৬টি পরিবারের ঘরবাড়ি আংশিক, ১২,২০০ জন লোক, ১ টি শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ এবং ৩ টি প্রতিষ্ঠান আংশিক ক্ষতিগ্রস্ত

হয়েছে। ক্ষতিগ্রস্থদের সাহার্যার্থে স্বাস্থ্য বিভাগ কর্তৃক জরুরী মেডিক্যাল টিম গঠন ও স্বার্বক্ষণিক চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করেছে এবং ৪টি অস্থায়ী নলকূল ও ৩,০০০ টি পানি বিশুদ্ধ করণ টেবলেট সরবরাহ করা হয়েছে। এছাড়াও ক্ষতিগ্রস্থদের সাহার্যার্থে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বরাদ্দ হতে জেলা প্রশাসন ডিমলা উপজেলায় ৬০ মেঃটন জিআর চাল ,নগদ ২,৫৫,০০০/- টাকা এবং জলঢাকা উপজেলায় ৮ মেঃটন জিআর চাল এবং নগদ ৫০,০০০/- টাকা সাহায্য প্রদান করেছে।

**স্বাক্ষরিত**
**(জি, এম, আব্দুল কাদের)**
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/দুঃব্যঃ/ত্রাণ/দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
০৯। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১০। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।